



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dis.gov.bd


স্মারক নম্বর : ৪১.০১.০০০০.০৮২.০৬.০০১.১৭.১৯৩

তারিখ : ১২ মাঘ ১৪২৮ বাং.
২৬ জানুয়ারি ২০২২ খ্রি.

বিষয় : প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য হালনাগাদকরণের লক্ষ্যে মৃত প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য DIS সফটওয়্যারে
সম্মিবেশকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩' এবং 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫' এর আলোকে প্রতিবন্ধিতা শনাক্তকরণ কর্মসূচি পরিচালিত হচ্ছে এবং শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য Disability Information System (DIS) সফটওয়্যারে প্রতিনিয়ত সংরক্ষিত হচ্ছে। তবে কর্মসূচির ভিত্তিবছর হতে এ পর্যন্ত উল্লেখযোগ্য সংখ্যক প্রতিবন্ধী ব্যক্তি মৃত্যুবরণ করেছেন, যাদের তথ্য সফটওয়্যারে উল্লেখ না করার কারণে বিদ্যমান প্রতিবন্ধী ব্যক্তিদের প্রকৃত সংখ্যা/তথ্য পাওয়া যাচ্ছে না। প্রকৃত সংখ্যা/তথ্য না পাওয়া যাওয়ায় প্রতিবন্ধীদের জন্য পরিকল্পনা প্রণয়নসহ সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সম্ভব হচ্ছে না। ইতোপূর্বে স্মারক নং ৪১.০১.০০০০.০৮২.০৬.০০১.১৭.১৯৭ তারিখ ০৬/০৯/২০২০ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হলেও এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

এমতাবস্থায়, প্রতিবন্ধী ব্যক্তির প্রকৃত সংখ্যা/তথ্য পাওয়ার লক্ষ্যে আপনার উপজেলার প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য 'জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮' এর আওতায় মৃত্যু নিবন্ধন সনদ যাচাইপূর্বক সফটওয়্যারে সম্মিবেশ করার জন্য অনুরোধ করা হলো।


(অহৈত কুমার রায়)
কর্মসূচি পরিচালক

মোবাইল: ০১৭১১-১৩৬৯৭৬
ই-মেইল: roy3a66@yahoo.com

উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা

উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)